



Department of
Education

Chancellor Richard A. Carranza

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে, ছেলেমেয়েদের স্বাস্থ্য ও নিরাপদ রাখা আমাদের অগ্রাধিকার। ছয় বছরের কম ছেলেমেয়েদের লেড বা সীসার হাত থেকে রক্ষা করার লক্ষ্যে, ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ্ প্রতিনিয়ত ক্লাসরুমগুলোতে দেয়ালের রং (পেইন্ট) উঠে আসছে কিনা তা পর্যবেক্ষণ করে। এর কারণ উঠে আসা সীসা মিশ্রিত রং থেকে (যা পুরোনো স্কুল বিল্ডিংগুলোতে থাকতে পারে) সীসার সংস্পর্শে আসার ঝুঁকি বাড়ায়, বিশেষ করে ছয় বছরের কম ছেলেমেয়েদের। কোথাও যদি সংস্পর্শে আসার সম্ভাবনাও থাকে, সেটা যেন অতিসত্ত্বর সংশোধন করা হয়, তা নিশ্চিত করতে আমরা কোন প্রচেষ্টা বাদ রাখছি না।

ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ্ সম্প্রতি 6 বছরের কম বয়সী শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী সকল স্কুল বিল্ডিংয়ের দেয়ালের রং (বা পেইন্ট) উঠে এসেছে অথবা ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তা তদন্ত করেছে। যেকোন সনাক্তকৃত উঠে আসা অথবা ক্ষতিগ্রস্ত দেয়ালের রং (বা পেইন্ট) স্কুলের প্রথম দিনের আগেই একটি বিশদ সংশোধন প্রক্রিয়ার মাধ্যমে মেরামত করার প্রক্রিয়া চলছে। আপনি তদন্তের ফলাফল অনলাইনে দেখতে পারেন www.schools.nyc.gov/about-us/reports/lead-based-paint-ঠিকানায়।

3 বছরের কম বয়সী শিশুরা লেড জনিত স্বাস্থ্যগত সমস্যায় সবচেয়ে বেশি দুর্বল এবং অরক্ষিত, এবং 6 বছরের কম বয়সী শিশুরা তাদের থেকে অধিক বয়সী ছেলেমেয়েদের চেয়ে বেশি ঝুঁকির সম্মুখীন। আপনার সন্তানের ডাক্তারের সাথে তার স্বাস্থ্য ইতিহাস নিয়ে আলোচনা করে দেখুন, রক্তে লেড পরীক্ষা করা যথাযথ কিনা। বিনামূল্যে পরীক্ষা নিশ্চিত করার জন্য অথবা একজন ডাক্তার খুঁজতে, 311 নাম্বারে ফোন করুন। যদি আপনার কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন

www.schools.nyc.gov/about-us/reports/lead-based-paint

বিনীত,

অফিস অভ দ্যা চিফ অপারেটিং অফিসার

লেড সংস্পর্শ সংক্রান্ত অতিরিক্ত তথ্য

সীসা বা লেড কীভাবে স্বাস্থ্যের ক্ষতি করে?

সীসা এমন একটি ধাতু যা শিশু এবং বড়দের শরীরে প্রবেশের মাধ্যমে ক্ষতি সাধন করতে পারে। সীসা একটি নিউরোটক্সিন হিসেবে পরিচিত, বিশেষ করে 6 বছরের কম বয়সের ছেলেমেয়েদের বর্ধনশীল মস্তিষ্ক ও স্নায়ুতন্ত্রের জন্য ক্ষতিকর। সীসা ছোট শিশুদের বেড়ে ওঠা, আচরণ, এবং শেখার ক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। গর্ভাবস্থায় সীসার ঝুঁকিতে থাকলে বাচ্চার জন্মকালীন ওজন কম এবং বেড়ে ওঠা বিলম্বিত হবার আশংকা রয়েছে। পরিবেশে অনেক ধরনের সীসার সংস্পর্শে আসার ঝুঁকি রয়েছে, এবং যতটা সম্ভব সকল রকম ঝুঁকি হ্রাস করা গুরুত্বপূর্ণ। সীসার ঝুঁকির কারণ হতে পারে এমন পানীয় পরীক্ষা করা সম্ভাব্য সীসার সূত্র চিহ্নিতকরণ এবং তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে সহায়ক হয়।



Department of
Education

Chancellor Richard A. Carranza

সীসার ঝুঁকির অন্য সূত্রগুলি কী?

সীসা এমন একটি ধাতু যা বিভিন্ন উদ্দেশ্যে শত শত বছর ধরে ব্যবহৃত হচ্ছে, এবং এর ফলে তা পরিবেশেও ব্যাপকভাবে ছড়িয়ে আছে। সীসার ঝুঁকির প্রধান সূত্রগুলির মধ্যে আছে পুরনো বিল্ডিংসমূহে সীসা-ভিত্তিক পেইন্ট, এবং গ্যাসোলিন, পেইন্ট, ম্যানুফ্যাকচারিং শিল্পে সীসার ঐতিহাসিক ব্যবহারের কারণে যুগের পর যুগ ধরে মাটি এবং ধুলায় সীসা জমে থাকে। অন্যান্য দৈনন্দিন ব্যবহারযোগ্য জিনিসেও সীসা থাকতে পারে, এতে অন্তর্ভুক্ত নির্দিষ্ট ধরনের মৃতশিল্প, পিউটার (দস্তানির্মিত পাত্র), তামার ফিক্সচার, খাবার, প্লাস্টিং সরঞ্জাম এবং কসমেটিক্স। পানির সরবরাহে খুব কমই প্রাকৃতিকভাবে সীসা দেখা যায় কিন্তু পানীয় পানিতে সম্ভাব্য সীসার ঝুঁকি থাকতে পারে যদি বিল্ডিংয়ের প্লাস্টিংয়ে সীসা থাকে। রক্তে উচ্চতর-সীসার স্তরসহ অধিকাংশ শিশুদের সীসাজনিত ঝুঁকির মূল সূত্র হল সীসা-ভিত্তিক পেইন্ট।

কারা সীসার বিষক্রিয়া সংক্রান্ত ঝুঁকিতে থাকে?

3 বছর বয়সের কম শিশুরা সর্বাধিক সীসাজনিত স্বাস্থ্যগত ঝুঁকিতে থাকে এবং ক্ষতিগ্রস্ত হতে পারে। বেড়ে ওঠা ক্রমের জন্যও সীসা ঝুঁকির কারণ হতে পারে। সীসার সংস্পর্শ একটি শিশুর বেড়ে ওঠা এবং মানসিক উন্নতিতে বাধার সৃষ্টি করতে পারে।

নিউ ইয়র্ক সিটির শিশুদের মধ্যে লেড বা সীসাজনিত বিষক্রিয়ার হার সম্পর্কে আপনি কতটা জানেন?

নিউ ইয়র্ক সিটির শিশুদের মধ্যে লেড বা সীসার বিষক্রিয়ার হার হ্রাস পাচ্ছে। 2015 সালে, 5,371 জন 6 বছরের কম বয়সী নিউ ইয়র্কের শিশুদের রক্তে সীসার স্তর 5 mcg/dL অথবা তার বেশি শনাক্ত হয়েছে। 2014 সালে 5 mcg/dL বা উচ্চতর মাত্রায় রক্তে সীসার স্তরবিশিষ্ট শিশুদের সংখ্যা ছিলো 6,550 যা 18% হ্রাস প্রতিনিধিত্ব করছে, এবং 2005 সালে রক্তে সীসার স্তর 5mcg/dL বা তারচেয়ে বেশি মাত্রাবিশিষ্ট শিশুর সংখ্যা ছিলো 37,344 জন, যা 86% হ্রাস।

বাড়তি রিসোর্স

লেড পরীক্ষার প্রোগ্রাম অথবা নমুনার ফলাফল সম্পর্কিত আরও তথ্যের জন্য:

www.schools.nyc.gov/about-us/reports/lead-based-paint

লেড বা সীসা সম্পর্কে আরো তথ্যের জন্য দেখুন:

<https://www1.nyc.gov/site/doh/health/health-topics/lead-poisoning-prevention.page>

NYS ডিপার্টমেন্ট অভ হেলথ-এর সীসার বিষক্রিয়া প্রতিরোধ সংক্রান্ত তথ্যের জন্য, দেখুন:

<http://www.health.ny.gov/environmental/lead/>

রক্তে সীসার পরীক্ষা এবং আপনার সন্তানের সীসার ঝুঁকি হ্রাস করার উপায় জানতে, ওয়েবসাইটে “আপনার সন্তানের রক্তে সীসার পরীক্ষা বলতে কী বোঝায়”, তা দেখুন:

<http://www.health.ny.gov/publications/2526/> (দশটি ভাষায় পড়া যাবে)।